

পি.এন.বি.এস.ইউ—পি.এন.বি.স্টাফ.ইউ---পি.এন.বি.এমপ্লয়িজ.কংগ্রেস

পাঞ্জাব ন্যাশনাল ব্যাঙ্ক

পশ্চিমবঙ্গ

তারিখ – ২২.০৫.২০১৭

সকল কর্মচারী ও অফিসারদের জন্য,

সাব্বী,

সাম্প্রতিক কালে ব্যাঙ্ক কর্তৃপক্ষের কিছু একতরফা ঘৃণ্য কর্মচারী ও গ্রাহক স্বার্থ বিরোধী পদক্ষেপের ব্যাপারে আমরা আপনাদের আগেই অবগত করেছিলাম। কর্তৃপক্ষের এই স্বেচ্ছাচারিতার বিরুদ্ধে আমরা প্রতিবাদ আন্দোলন করার সিদ্ধান্ত নিয়েছি। আমাদের পক্ষ থেকে পরিস্থিতির গুরুত্ব উপলব্ধি করে পাঞ্জাব ন্যাশনাল ব্যাঙ্কে বাকি সবকটি সংগঠনকে যৌথ ভাবে আন্দোলনে অবতীর্ণ হওয়ার আবেদন জানানো হয়েছে।

কর্তৃপক্ষের পক্ষ থেকে গৃহিত কর্মচারী ও গ্রাহক স্বার্থ বিরোধী কিছু সিদ্ধান্ত নিম্নরূপঃ

❖ শাখায় শাখায় অনুমোদিত পদের বিলুপ্তি

আমাদের ব্যাঙ্কের কর্তৃপক্ষ কর্পোরেট সিদ্ধান্তের অজুহাতে গত ১লা এপ্রিল, ২০১৭ তারিখে অপ্রত্যাশিতভাবে আমাদের রাজ্যের তিনটি সার্কেলেই ব্যাপকভাবে কর্মচারী ও আধিকারিকদের (Scale-II) অনুমোদিত পদের বিলুপ্তি করেছে।

কলকাতা সার্কেলে প্রায় ১০০ টি অনুমোদিত করনিক পদ কমানো হয়েছে। যার মধ্যে শুধুমাত্র ৯ টি শাখাতে ৫২ টি পদের সংকোচন করা হয়েছে। বর্ধমান সার্কেলে সর্বমোট ২৯ টি করনিক পদের সংকোচনের মধ্যে ৫ টি শাখাতে ১৮ টি পদ রয়েছে। মেদিনীপুর সার্কেলেও ভাল সংখ্যক পদের বিলুপ্তি ঘটেছে, বিভিন্ন সার্কেলে বেশ ভালো সংখ্যায় ম্যানেজার (scale-II) এর পদের সংকোচনও করা হয়েছে।

বিগত বেশ কিছুদিন যাবৎ আমাদের রাজ্যে বিভিন্ন শাখাতে কর্মচারীদের অনুমোদিত পদের অপ্রতুলতার কারণে স্বচ্ছন্দ গ্রাহক পরিসেবার ঘাটতি হচ্ছে। কর্তৃপক্ষের কাছে বহুবার বলা সত্ত্বেও কোনো সুরাহা হয়নি। অধিকাংশ শাখাতে কর্মচারী ও আধিকারিকদের কাজের সূষ্ঠ পরিবেশ থাকছে না।

এই অবস্থায় ব্যাঙ্ক কর্তৃপক্ষের এই একতরফা ঘৃণ্য পদক্ষেপের ফলে শাখায় শাখায় প্রতিকূলতা বৃদ্ধি পাচ্ছে। এই পরিস্থিতির গুরুত্ব উপলব্ধি করে পাঞ্জাব ন্যাশনাল ব্যাঙ্কে আমরা কয়েকটি সংগঠন যুক্ত মঞ্চ আন্দোলনে অবতীর্ণ হওয়ার সিদ্ধান্ত নিয়েছি। বাকি সব সংগঠন গুলোকে যুক্ত মঞ্চ আসার জন্য আমরা আবার আহ্বান জানাচ্ছি।

❖ কলকাতা সার্কেলে শাখা বন্ধের চক্রান্তঃ

আমাদের ব্যাঙ্কের কলকাতা সার্কেলের কর্তৃপক্ষ গত বছর জুলাই মাসে কলকাতার আটটি শাখাকে অন্য শাখার সাথে সংযুক্তিকরণের নাম করে বন্ধ করার পরিকল্পনা গ্রহণ করেছিলেন। যার মধ্যে অধিকাংশই ছিল লাভজনক শাখা। কলকাতা সার্কেল হেডের এই উদ্যোগকে হেড অফিস কর্তৃপক্ষ মান্যতা দিয়েছিলেন। ব্যাঙ্ক কর্তৃপক্ষের এই ঘৃণ্য চক্রান্তের বিরুদ্ধে আমরা চারটি সংগঠন অতি দ্রুততার সাথে আন্দোলনের কিছু কর্মসূচী গ্রহণ করেছিলাম। এই আন্দোলনে বিভিন্ন শাখার ব্যাপক অংশের কর্মচারী ও গ্রাহকরা সামিল হয়েছিলেন। সার্কেল অফিস/জোনাল অফিসে এ বিক্ষোভ সমাবেশ ও সার্কেল হেডকে ডেপুটেশনের কর্মসূচীতে কলকাতার বিভিন্ন শাখা থেকে বেশ ভাল সংখ্যক কর্মচারী ও অফিসার বন্ধুরা উপস্থিত ছিলেন।

তিনটি শাখা সংযুক্তিকরণ হয়েছিল। সুতাপটী / গড়িয়াহাট / সতীশ মুখার্জী রোড। তিনটি শাখা বন্ধের পরিবর্তে কর্তৃপক্ষ কলকাতা সার্কেলে তিনটি নতুন শাখা খোলার প্রতিশ্রুতি দিয়েছিলেন। বারাসত ও নৈহাটিতে দ্বিতীয় শাখা ও ঠাকুরপুকুরে একটি শাখা। কিন্তু কোন অজানা কারণ বশত তিনটি নতুন শাখা খোলার প্রতিশ্রুতি রাখার কোনো উদ্যোগ কর্তৃপক্ষের পক্ষ থেকে বিগত প্রায় সাত মাসে লক্ষ্য করা যায়নি আমাদের প্রতিনিয়ত প্রবর্তন থাকা সত্ত্বেও।

অতি সম্প্রতি কর্তৃপক্ষ পুনরায় চারটি শাখা বন্ধ করার পরিকল্পনা গ্রহণ করেছেন। বিগত ১৬ই এপ্রিলে বর্তমান পত্রিকাতে চারটি শাখা বন্ধের বিজ্ঞাপন দেওয়া হয়েছে। বন্ধ হওয়ার প্রস্তাবিত তারিখ উল্লেখিত হয়েছে ১৯শে জুন ২০১৭। এছাড়াও কর্তৃপক্ষ অতিরিক্ত হেস্টিংস শাখা বন্ধের সিদ্ধান্ত নিয়েছে।

উপরোক্ত ঘটনা প্রবাহের কারণে আমরা সামগ্রিক ভাবে আন্দোলনের সিদ্ধান্ত গ্রহণ করেছি।

পরের পৃষ্ঠায় দেখুন


আও কিছু কর্মসূচী নিচে দেওয়া হলো --

- ❖ যে সকল শাখাতে পদের অবলুপ্তি হয়েছে সেই সকল শাখার সকলের পক্ষ থেকে ব্যাঞ্চ হেডকে ডেপুটেশন প্রদান।
- ❖ যে সকল শাখা, কতৃপক্ষের প্রস্তাবিত বন্ধের তালিকায় আছে সেই সকল শাখার সকলের পক্ষ থেকে ব্যাঞ্চ হেডকে ডেপুটেশন প্রদান।
- ❖ আক্রান্ত শাখা গুলোর পক্ষ থেকে সার্কেল হেড ও জোনাল ম্যানেজার কে PROTEST E-MAIL পাঠানো।
- ❖ শাখায় শাখায় ক্লাস্টার ভিত্তিক প্রচার সভা।
- ❖ কেন্দ্রীয় ভাবে সভা।

এই পরিস্থিতিতে সামগ্রিক ভাবে ব্যাংক শিল্প তথা আমাদের ব্যাংক কে বাঁচানোর উদ্দেশ্যে আমাদের ধারাবাহিক ভাবে লড়াই সংগ্রাম চালিয়ে যেতেই হবে।

এই রাজ্যে আমাদের ব্যাঙ্কে সকল কর্মচারী ও আধিকারিকদের প্রতি আমাদের এই আন্দোলনে সাধারণ ভাবে সমর্থনের আহ্বান জানাচ্ছি।

সংগ্রামী অভিনন্দন সহ,



(শ্রীজিৎ সেনগুপ্ত)

পি-এন-বি-শ্রমিক-ইউনিয়ন

(বি-ই-এফ-আই)



(রাজেশ সিং)

পি-এন-বি-স্টাফ-ইউনিয়ন

(এন-সি-বি-ই)



(সঞ্জয় শেঠী)

পি-এন-বি-এমপ্লয়িজ-কংগ্রেস

(ই-ন-বি-ই-এফ)